আলমডাঙ্গায় টাইফয়েড প্রতিরোধে টিকাদান কর্মসূচির উদ্বোধন

আলমডাঙ্গায় টাইফয়েড প্রতিরোধে টিকাদান কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। টাইফয়েড প্রতিরোধ ও জনস্বাস্থ্য সুরক্ষায় আলমডাঙ্গায় শুরু হয়েছে টিকাদান কর্মসূচি। গতকাল রোববার সকাল ১০টায় আলমডাঙ্গা গার্লস স্কুল প্রাঙ্গণে এ কর্মসূচির উদ্বোধন করেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. শারমিন আক্তার।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) অশীষ কুমার বসু, উপজেলা সমাজসেবা কর্মকর্তা সাজ্জাদ হোসেন, তদন্ত ওসি লিয়াকত আলীসহ স্থানীয় স্বাস্থ্যকর্মী ও শিক্ষার্থীরা।

উদ্বোধন শেষে ডা. শারমিন আক্তার বলেন, “টাইফয়েড একটি সংক্রামক রোগ, যা মূলত দূষিত খাবার ও পানির মাধ্যমে ছড়ায়। টিকা গ্রহণের মাধ্যমে শিশু ও কিশোরদের মধ্যে এই রোগের ঝুঁকি অনেকটাই কমে যাবে। সরকারের এই মহতী উদ্যোগ সফল করতে সবাইকে সচেতন হতে হবে।”

তিনি আরও বলেন, “টিকা গ্রহণের জন্য অনলাইনে নিবন্ধন বাধ্যতামূলক। তাই এ বিষয়ে অভিভাবকদের আরও সচেতন হতে হবে এবং সবাইকে অংশ নিতে উৎসাহিত করতে হবে।” সরকারের এই কর্মসূচির মাধ্যমে ধীরে ধীরে উপজেলার সব শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়নে টাইফয়েড টিকা প্রদান কার্যক্রম সম্প্রসারিত করা হবে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

স্থানীয় শিক্ষার্থী ও অভিভাবকরা জানান, সরকারের এমন স্বাস্থ্যসেবা উদ্যোগে তারা সন্তুষ্ট এবং আশা করছেন, এর ফলে এলাকাজুড়ে শিশু-কিশোরদের স্বাস্থ্যঝুঁকি অনেকটাই কমে আসবে।

ঝিনাইদহে আত্মহত্যা প্রতিরোধে সচেতনতামূলক সাইকেল র্যালি

আত্মহত্যা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি ও সমাজে ইতিবাচক দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে ঝিনাইদহে অনুষ্ঠিত হয়েছে সাইকেল র্যালি। সদর উপজেলার স্বেচ্ছাসেবী সংগঠন ‘তারুণ্যের অগ্রযাত্রা’ এ র্যালির আয়োজন করে।

আজ রোববার সকাল ১০টায় সদর উপজেলার আব্দুর রউফ ডিগ্রি কলেজ মাঠ থেকে র্যালির সূচনা হয়। কলেজের অধ্যক্ষ জেএম রবিউল ইসলাম র্যালির উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন, সংগঠনের প্রধান উপদেষ্টা সাকিব মোহাম্মদ আল হাসান এবং ডাকবাংলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ আনিসুর রহমান।

র্যালিটি সদর উপজেলার সাধুহাটি ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রদক্ষিণ করে চুয়াডাঙ্গা-ঝিনাইদহ মহাসড়ক হয়ে মোহাম্মদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে শেষ হয়।

শেষে সেখানে সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন, ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি ও দৈনিক নবচিত্র পত্রিকার সম্পাদক আলাউদ্দীন আজাদ এবং সাধুহাটি ইউনিয়ন পরিষদের সচিব রমজান আলী। র্যালিতে সাধুহাটি ইউনিয়নের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে।

টাইফয়েড প্রতিরোধে আপনার শিশুকে টিকা দিন- সিভিল সার্জন

আগামী ১২ অক্টোবর থেকে শুরু হচ্ছে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন। মেহেরপুরে এ ক্যাম্পেইনের মাধ্যমে ৯ মাস থেকে ১৫ বছর বয়সী প্রায় ১ লাখ ৬৮ হাজার ২৯৭ জন শিশু-কিশোরকে টাইফয়েড টিকা দেওয়া হবে বলে একটি প্রেস কনফারেন্সে জানিয়েছেন সিভিল সার্জন ডা. এ. কে. এম.

আবু সাইদ।

বৃহস্পতিবার (৯ অক্টোবর) বিকেলে মেহেরপুর সিভিল সার্জন কার্যালয়ের সম্মেলন কক্ষে এ প্রেস কনফারেন্সে তিনি এ কথা বলেন।

সিভিল সার্জন বলেন, ২০২১ সালের সমীক্ষায় দেখা গেছে, বাংলাদেশে ওই বছরে ৪ লাখ ৭৮ হাজার জন টাইফয়েডে আক্রান্ত হয়েছিলো।

যার মধ্যে মারা গিয়েছিলো ৮ হাজার জন। যার ৬৮ শতাংশ ছিলো শিশু। যে কারণে ৯ মাস থেকে ১৫ বছরের শিশুকে আমরা এ টিকার আওয়তা নিয়ে টাইফয়েড প্রতিরোধে কাজ করতে যাচ্ছি। এ টিকা দেওয়ার ফলে প্রতিটি শিশুর শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বেড়ে যাবে। এ রোগে মৃত্যুহার কমে যাবে।

সিভিল সার্জন আরও বলেন, টাইফয়েড ব্যকটেরিয়া জনিত সংক্রামক রোগ। এ জ্বরে আক্রান্ত হলে আর্থিক ক্ষতি, দীর্ঘমেয়াদী শারিরীক জটিলতা এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।

প্রেস কনফারেন্সে অন্যদের মথ্যে বক্তব্য দেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, কালের কণ্ঠের জেলা প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিন-এর সম্পাদক ইয়াদুল মোমিন, চ্যানেল ২৪-এর জেলা প্রতিনিধি রাশেদুজ্জামান, সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত এবং বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন প্রমুখ। প্রেস কনফারেন্সে জেলায় কর্মরত বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

প্রেজেন্টেশনের মাধ্যমে ক্যাম্পেইন সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন মেডিকেল অফিসার ডা. মো. ইনজামাম-উল-হক।

তিনি বলেন, আমরা জেলায় ১লাখ ৬৮ হাজার ২৯৭ জন শিশুকে টাইফয়েড টিকা প্রদান করার লক্ষ্যেমাত্রা নির্ধারণ করেছি। যার মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে ১ লাখ ১৫ হাজার ৮৭৯ এবং কমিউনিটি পর্যায়ে ৫২ হাজার ৪১৮ জন । আজ বৃহস্পতিবার পর্যন্ত লক্ষ্যমাত্রার ৩৬ শতাংশ রেজিষ্ট্রেশন সম্পন্ন হয়েছে। আপনারাসহ সমাজের অংশীজনদের সহায়তায় শতভাগ রেজিষ্ট্রেশনের মাধ্যমে টিকা প্রদান সম্পন্ন করতে চাই। এ ক্ষেত্রে সাংবাদিক-শিক্ষকসহ সমাজের সকল স্তরের মানুসের সহযোগীতার আহবান করেন তিনি।

আগামী ১২ অক্টোবর থেকে ১৩ নভেম্বর পর্যন্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান ও স্বাস্থ্য কেন্দ্রগুলোতে টাইফয়েড ভ্যাকসিন দেওয়া হবে। এ ভ্যকসিন দিতে অনলাইনে শিশুর জন্ম সনদ দিয়ে রেজিষ্ট্রশন করতে হবে।

মেহেরপুরে শিশু-কিশোর টাইফয়েড প্রতিরোধে টিকাদান কর্মশালা

মেহেরপুরে শিশু, কিশোর ও নারী উন্নয়নে সচেতনতামূলক প্রচার কার্যক্রম শীর্ষক প্রকল্পের আওতায় টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন ২০২৫ উপলক্ষে জেলা পর্যায়ের সাংবাদিকদের জন্য ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টার সময় মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে অনুষ্ঠিত কর্মশালায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল সালাম।

গণযোগাযোগ অধিদপ্তর ও জেলা তথ্য অফিসের যৌথ আয়োজনে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন কর্মশালায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণযোগাযোগ অধিদপ্তরের উপপরিচালক তারেক মোহাম্মদ, সিভিল সার্জন ডা. আবু সাঈদ, জেলা তথ্য অফিসার আবদুল্লাহ আল মামুন ও ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক একেএম সিরাজুম মুনির।

ইউনিসেফ বাংলাদেশের সহযোগিতায় দিনব্যাপী কর্মশালায় জেলায় কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

আগামী ১২ অক্টোবর শুরু হবে দেশব্যাপী টাইফয়েড টিকাদান কর্মসূচি। ৯ মাস থেকে ১৫ বছর বয়সী শিশুকে দেওয়া হবে এক ডোজ টিকা। মেহেরপুরে ১ লাখ ৬৭ হাজার শিশুকে এই টিকার আওতায় আনা হবে। এতে টাইফয়েডের ঝুঁকি কমবে বলে জানিয়েছেন চিকিৎসকরা।

এছাড়াও, টিকাদানের মাধ্যমে টাইফয়েড প্রতিরোধে করণীয় বিষয়ে আলোচনা করা হয়। শিশু-কিশোরদের টাইফয়েড টিকাদানে উদ্বুদ্ধ করার

আহ্বান জানান সাংবাদিক, শিক্ষক, ইমাম, রাজনীতিবিদসহ সকল শ্রেণি-পেশার মানুষ।

দামুড়হুদায় আইন-শৃঙ্খলা প্রতিরোধ কমিটির মাসিক সভা

দামুড়হুদায় উপজেলা আইন-শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১টায় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্রের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে. এইচ. তাসফিকুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হেলেনা আক্তার নিপা, উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, উপজেলা জামায়াতের আমীর নায়েব আলী, সেক্রেটারি জেনারেল আবেদ উদ দৌলা টিটনসহ উপজেলার বিজিবির বিভিন্ন ক্যাম্পের কোম্পানি কমান্ডারবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং আমন্ত্রিত অতিথিরা।

সভায় বক্তারা দামুড়হুদা উপজেলার মডেল মসজিদে চুরি প্রতিরোধে রাত্রিকালীন নিরাপত্তা জোরদার, উপজেলা সদর বাজারে দোকানপাটে চুরি বেড়ে যাওয়া, এবং উপজেলার বিভিন্ন এলাকায় কৃষকের ফলন্ত ফসল কেটে দেওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেন। এছাড়া সীমান্ত এলাকায় মাদক ও স্বর্ণ চোরাচালান বেড়ে যাওয়ার বিষয়েও পুলিশ ও বিজিবির আইন-শৃঙ্খলা রক্ষার ভূমিকা নিয়ে অসন্তোষ প্রকাশ করেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র এসব সমস্যার সমাধানে করণীয়

বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের প্রধানদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন।

মাদক চোরাচালান ও পাচার প্রতিরোধে মেহেরপুরে বিজিবির জনসচেতনতামূলক সভা

সীমান্তবর্তী এলাকায় চোরাচালান, মাদক পাচার ও অন্যান্য সীমান্ত অপরাধ প্রতিরোধে মেহেরপুরে জনসচেতনতামূলক সভার আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের শালিকা মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে ৬ বর্ডার গার্ড ব্যাটালিয়নের উদ্যোগে এ জনসচেতনতামূলক সভার আয়োজন করা হয়।

এ সময় সীমান্ত অপরাধ প্রতিরোধ, সীমান্তে গবাদিপশু না চরানো, নারী ও শিশু পাচার রোধ এবং মাদকসহ সকল প্রকার চোরাচালান প্রতিরোধের বিষয়ে আলোচনা করা হয়। স্থানীয় জনসাধারণকে এসব বিষয়ে সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করা হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুবেদার মোহাম্মদ এনামুল করিব।

তিনি বলেন, “সীমান্তবর্তী এলাকায় বসবাসরত জনগণের ভূমিকা সীমান্তের শান্তি-শৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষায় অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনারা যুগের পর যুগ এখানে বসবাস করছেন এবং আপনাদের সহযোগিতার মাধ্যমে বিজিবির টহল তৎপরতা আরও কার্যকর করা সম্ভব। আমরা বিশ্বাস করি, সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে সীমান্ত অপরাধ শূন্যের কোটায় নামিয়ে আনা সম্ভব।”

এছাড়াও এ সময় হাবিলদার মো. মতিয়ার রহমান, সিপাহী আরিফুর রহমান, সিপাহী নাইম, সিপাহী জুয়েল, সিপাহী আহাদসহ বিভিন্ন শিক্ষা

প্রতিষ্ঠানের শিক্ষক, মসজিদের ইমাম, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

দর্শনা সীমান্তে বিজিবির স্বর্ণ-মাদক চোরাচালান ও পুশইন প্রতিরোধে সভা

চুয়াডাঙ্গা দর্শনা ইমিগ্রেশন চত্বরে চুয়াডাঙ্গা ৬ বিজিবি স্বর্ণ মাদক চোরাচালান ও পুশইন প্রতিরোধে জন সচেতনতা মুলক এক আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

বুধবার বিকাল ৪টার দিকে জয়নগর সীমান্তে চেকপোষ্ট চত্বরে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা বিওপি বিজিবির কোম্পানী কমান্ডার সু্বেদার মোঃ আশরাফুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে রাখেন চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন এর উপ-পরিচালক মেজর মোঃ হায়দার আলি।

এসময় তিনি বলেন, এলাকার সব ধরনের মানুষের সহযোগিতা না পেলে স্বর্ণ মাদক চোরাচালান ও পুশইন ঠেকানো বা প্রতিরোধ করা সম্ভব না।
তিনি আরো বলেন, আমাদের আপনারা গোপনে তথ্য দিয়ে সহযোগিতা করবেন,যা কেউ জানবেনা।

এ সময় দামুড়হুদা আনসার ব্যাটেলিয়ন কমান্ডার মোঃ সাজিদ সহ ২০ জন সদস্য ও এলাকার গণ্যমান্য এবং সচেতন নাগরিকগণ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে আত্মহত্যা প্রতিরোধ বিষয়ক কর্মশালা

আত্মহত্যা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঝিনাইদহে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় জেলার বিভিন্ন সেচ্ছাসেবী, সামাজিক ও এনজিও সংস্থার প্রতিনিধিরা অংশ নেন।

বুধবার (১৬ জুলাই) বেলা ১১টায় জেলা প্রশাসক কার্যালয়ের কনফারেন্স কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক এবিএম খালিদ হোসেন সিদ্দিকীর সঞ্চালনায় কর্মশালায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ আবদুল আওয়াল।

কর্মশালায় বক্তব্য রাখেন জেলা সিভিল সার্জন ডা. মো: কামরুজ্জামান, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক রথীন্দ্র নাথ রায়, সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা. মো: মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক মোহাম্মদ সাইফুর রহমান, সহকারী কমিশনার এসএম শাদমান উল আলম, প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল কাজল।

কর্মশালায় জেলার বিভিন্ন এলাকায় কর্মরত এনজিও কর্মী, সেচ্ছাসেবী, সংবাদকর্মী ও সামাজিক সংগঠনের প্রতিনিধিরা অংশ নেন।
এসময় আত্মহত্যা প্রতিরোধে নানা দিকনির্দেশনা নিয়ে কথা বলেন বক্তারা। এ লক্ষ্যে স্কুল ক্যাম্পেনিং, প্রচার-প্রচারণার ওপর জোর দেয়ার দাবি জানান তারা।

তারা বলেন, আত্মহত্যা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির বিকল্প নেই। পাশাপাশি সামাজিক অপরাধ, অপরাধপ্রবণতা ও মাদকের আগ্রাসন রোধ করতে হবে। একই ভাবে পারিবারিক সম্পর্ক উন্নতকরণ, শিক্ষার প্রসার, ধর্মীয় অনুশাসন মেনে চলার ওপর গুরুত্ব দিতে হবে। আত্মহত্যা একটি মানসিক সমস্যার বহিঃপ্রকাশ। সমাজের সকল শ্রেণির মানুষের সচেতন ভাবে আত্মহত্যা রোধে কাজ করার আহ্বান জানান বক্তারা।

আত্মহত্যা প্রতিরোধে হরিণাকুণ্ডুতে উঠান বৈঠক অনুষ্ঠিত

‘জীবনকে ভালোবাসুন, আত্মহত্যাকে না বলুন’ এই শ্লোগানকে সামনে রেখে হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসনের উদ্যোগে বিশেষ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (৮ জুন) সকাল ১১টায় উপজেলার ৬নং ফলসী ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার বি এম তারিক উজ-জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আব্দুল আওয়াল, এছাড়াও উপস্থিত ছিলেন ফলসী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অ্যাড. বজলুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার মুন্সী ফিরোজা আক্তার, উপজেলা সমাজসেবা অফিসার শিউলী রানী, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার নাসরিন, উপজেলা তথ্যসেবা কর্মকর্তা প্রমুখ। বৈঠকে প্রধান অতিথি উপস্থিত নারীদের আত্মহত্যার নেতিবাচক দিকগুলো তুলে ধরে বলেন আত্মহত্যা কোন সমাধান নয়, জীবনকে ভালবাসুন তাহলে দেখবেন সকল সমস্যা একসময় সমাধান হয়ে যাবে।

বৈঠক শেষে ফলসী ইউনিয়নের ২০২৫-২০২৬ ভিডাব্লিউবি চক্রে উপকারভোগীদের মাঝে ভিডাব্লিউবি কার্ড বিতরণ করা হয়। প্রধান অতিথি উপকারভোগীদের হাতে এসব কার্ড তুলে দেন।

দামুড়হুদায় আইন শৃঙ্খলা, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ

কমিটির মাসিক সভা

দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল সাড়ে ১১ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে কক্ষে এই মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা লীলিমা আক্তার হ্যাপী, উপজেলা সমাজসেবা কর্মকতা তোফাজ্জল হক, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, দর্শনা থানা বিএনপি’র সমন্বয়কারী হাবিবুর রহমান বুলেট, উপজেলা জামায়াত ইসলামীর আমীর নায়েব আলী, সেক্রেটারী জেনারেল আবেদ-উদ-দৌলা টিটনসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, বিজিবির ক্যাম্প কোম্পানির কমান্ডারবৃন্দ,শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ।

সভায় বক্তারা দামুড়হুদা উপজেলার বিভিন্ন মাধ্যমিক স্কুল ও কলেজের ছাত্রদের সন্ধ্যার পর পড়াশোনার টেবিলে না বসে অযথা বাইরে দোকান পাশারীতে ঘুরাঘুরি, রাতে বিভিন্ন অনৈতিক চিহ্নিত স্পটে বসে আড্ডা দেওয়া নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়। জুন ক্লোজিং এর নামে পল্লী বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত বিল কষে টাকা নেওয়া, উপজেলার ভারী শিল্প প্রতিষ্ঠান কেরু এন্ড কোং -এর শ্রমিক নির্বাচন না হওয়া এবং সীমান্ত এলাকায় মাদক ও স্বর্ণ চোরা চালান বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করেন। এবং উপরোক্ত সমস্যাবলী সমাধানকল্পে করণীয় সম্পর্কে উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র সংশ্লিষ্ট দপ্তরের প্রধানদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন।